কালের কণ্ঠ

তারিখ ....08 OCT 2015....
পৃষ্ঠা ...2... কলাম ...2...

# আন্দোলনরত প্রাথমিক শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে অফিস আদেশ জারি

**নিজস্ব প্রতিবেদক ▷**

আন্দোলনরত প্রাথমিক শিক্ষকদের তালিকা তৈরি করে তাঁদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য লিখিত আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল বুধবার এই অফিস আদেশ জারি করা হয়েছে।

বিষয়টি নিশ্চিত করেছেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের (ডিপিই) মহাপরিচালক মো. আলমগীর। তিনি জানান, লিখিত আদেশটি গতকাল জারি করা হয়েছে। সেটি মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কাছে পাঠানো হচ্ছে। ওয়েবসাইটেও প্রকাশ করা হয়েছে। আন্দোলনের নামে যাঁরা ক্লাস ও পরীক্ষায় বিঘ্ন ঘটাবেন তাঁদের ছাড় দেওয়া হবে না। বিভাগীয় ব্যবস্থা বলতে কারণ দর্শাও নোটিশ থেকে শুরু করে বেতন কর্তন, সাময়িক বহিষ্কার, এমনকি চাকরিচ্যুতির মতো শাস্তি দেওয়া যাবে বলে তিনি জানান।

ডিপিই মহাপরিচালক জানান, কয়েকজন শিক্ষক কর্মবিরতির ঘোষণা দিলেও মাঠ পর্যায়ে এর কোনো প্রতিফলন নেই। গতকাল বুধবার রাজধানীর আটটি স্কুল পরিদর্শনের অভিজ্ঞতা জানিয়ে তিনি বলেন, ওই সব স্কুলে শিক্ষকদের শতভাগ উপস্থিতি ছিল। কোথাও কর্মবিরতি করতে দেখা যায়নি।

এগারোতম গ্রেডে বেতন-ভাতা প্রদানসহ ছয় দফা দাবিতে গত ৪ অক্টোবর থেকে চার ঘণ্টার কর্মবিরতি পালনের ঘোষণা দিয়েছে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বিভিন্ন সংগঠন।